# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৩

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৮. পাগড়ীর উপর মাসেহ করা

بَاب الْمَسْحِ عَلَى الْعِمَامَةِ

---

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ جَعْفَرِ بْنِ عَمْرِو بْنِ أُمَيَّةَ الضَّمْرِيِّ عَنْ أَبِيهِ أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسَحَ عَلَى الْخُفَّيْنِ وَالْعِمَامَةِ قِيلَ لِأَبِي مُحَمَّدٍ تَأْخُذُ بِهِ قَالَ إِي وَاللَّهِ

বাংলা

৭৩৩. জাফর আমর ইবনু উমাইয়া আয যামরী তাঁর পিতা (উমাইয়া) রাদ্বিয়াল্লাহু হতে বর্ণনা করেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাঁর উভয় মোজার উপর এবং তাঁর পাগড়ীর উপর মাসেহ করতে দেখেছেন।’[1]

আবু মুহাম্মদকে বলা হলো: আপনি কি তা গ্রহণ করেছেন? তিনি বললেন: হাঁ, আল্লাহর শপথ!

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ২০৫; ইবনুল জারুদ, আল মুনতাকা নং ৮৩। আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৩৪৩। আরও দেখুন, নাইলুল আওতার ১/২০৪-২০৬; দিরায়াহ ১/৭০-৭৭ যেখানে ৪৬ জন সাহাবা হতে মোজার উপর মাসেহের হাদীস বর্ণিত হয়েছে; ও তালখীসুল হাবীর ১/১৫৭-১৬২; নাসবুর রায়াহ ১৬২-১৭৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জা'ফার ইবনু 'আমর ইবনু 'উমাইয়াহ যামরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76109

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন